বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

নিয়োগ বিজ্ঞপ্তি

বাউবি/প্রশা/নি-৮(৬৯)/০২/পার্ট-১/২৪৪৩ তারিখ : ০৭-০৬-২০১৬

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে নিম্নেবর্ণিত শিক্ষকের শূন্য পদসমূহে বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ পদের বিপরীতে উল্লেখিত বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল, ২০১৫) নিয়োগের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

ক্রম	স্কুলের নাম	পদের নাম ও বিষয়	পদ সংখ্যা
১.	ওপেন স্কুল	প্রভাষক (আইসিটি)	০১টি
		প্রভাষক (ইতিহাস)	০১টি
২.	স্কুল অব বিজনেস	সহযোগী অধ্যাপক (হিসাববিজ্ঞান/মার্কেটিং/ফাইন্যান্স/ব্যবস্থাপনা)	০১টি
		সহকারী অধ্যাপক (হিসাববিজ্ঞান/মার্কেটিং/ফাইন্যান্স/ব্যবস্থাপনা)	০১টি
		সহকারী অধ্যাপক (মার্কেটিং)	০১টি
		প্রভাষক (হিসাববিজ্ঞান/ফাইন্যান্স/ব্যবস্থাপনা)	০১টি
		প্রভাষক (মার্কেটিং)	০১টি
৩.	স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজি	প্রভাষক (কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং)	০১টি
		প্রভাষক (কম্পিউটার সায়েন্স)	০২টি
৪.	সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল	সহযোগী অধ্যাপক (রাষ্ট্রবিজ্ঞান/বাংলা ভাষা ও সাহিত্য/ অর্থনীতি/ভূগোল ও পরিবেশ) ক্রমানুসারে অগ্রাধিকার দেওয়া হবে।	০১টি
		সহকারী অধ্যাপক/প্রভাষক (ইংরেজি)	০১টি
বেতন স্কেল: প্রভাষক গ্রেড-৮ম (২৩০০০-৫৫৪৭০), সহকারী অধ্যাপক-গ্রেড-৬ (৩৫৫০০-৬৭০১০) সহযোগী অধ্যাপক: গ্রেড-৪ (৫০০০০-৭১২০০)			

উপরে বর্ণিত পদসমূহে নিয়োগের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও গবেষণা প্রকাশনার শর্তাবলী এবং আবেদন করার নিয়মাবলীসহ আবেদনপত্রের ফরম সরাসরি অথবা **www.bou.edu.bd** ওয়েবসাইট থেকে অথবা ১০/- (দশ) টাকা মূল্যের ডাক টিকেটসহ নিজ ঠিকানা সম্বলিত ৪.৫"×১০" খাম প্রেরণপূর্বক **রেজিস্ট্রার**-এর দপ্তর হতে সংগ্রহ করা যাবে। আবেদনকারীকে জনতা ব্যাংকের যে কোন শাখা হতে **জনতা ব্যাংক, বাউবি ক্যাম্পাস শাখা, গাজীপুর** বরাবর 'বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়'-এর অনুকূলে ইস্যুকৃত ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) আবেদনপত্রের সাথে গেঁথে দিতে হবে। **পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য হবে না।**

দরখাস্তের সাথে দাখিলকৃত কোন কিছুই ফেরত দেয়া হবে না। এই নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ আবেদনকারীর পরীক্ষা গ্রহণ করতে/তাকে প্রার্থিত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

রেজিস্ট্রার বরাবর আবেদনপত্র ডাকযোগে **পৌঁছানোর শেষ তারিখ ১৭-০৭-২০১৬।** অসম্পূর্ণ এবং উক্ত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের Forwarding letter সহ নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র প্রেরণ করতে হবে। **খামের উপর প্রার্থিত পদের নাম উল্লেখ করতে হবে।**

[বি:দ্র:-উল্লেখ্য বাউবি/প্রশা/নি-৮(৬৯)/০২/পার্ট-১/৮৮৫, তারিখ: ০১-০৩-২০১৫ সংখ্যক স্মারকের নিয়োগ বিজ্ঞপ্তি শর্ত পূরণ করে যারা ওপেন স্কুলে আবেদন করেছিলেন তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। যাদের শর্ত পূরন করে নাই/অসম্পূর্ন আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করতে হবে।]

৭/৬/২০১৬

রেজিস্ট্রার
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৫

Head Office: Gazipur-1705, Bangladesh, Phone: PABX 88 02 9291101-4, Fax: 88 02 9291122, E-mail: info@bou.edu.bd
City Office: Dhaka Regional Resource Centre, Holding no. 4/Ka College Area, Govt. Lab. High School Road, Dhanmondi, Dhaka-1205, Bangladesh
Phone: 88 02 8615221, 8612676, Fax: 88 02 8615750, Website: www.bou.edu.bd

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিয়োগের জন্য সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও গবেষণা/প্রকাশনার শর্তাবলী:

পদের নাম ও সংখ্যা	বেতনক্রম	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা	গবেষণা/প্রকাশনা
সহযোগী অধ্যাপক	গ্রেড-৪ (৫০০০০-৭১২০০)	ক) তৃতীয় বিভাগ/শ্রেণী ব্যতীত সম্মান/৪ বছরের ডিগ্রীসহ মাস্টার্স বা সমমানের ডিগ্রীসহ সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রী তবে, ন্যূনতম দুইটি প্রথম শ্রেণী/বিভাগ থাকতে হবে। গ্রেডিং পদ্ধতিতে কোন পর্যায়ে সিজিপিএ ৩.২০ (৪-এর মানে)-এর নিচে নয় এবং ন্যূনতম দুইটি পর্যায়ে পৃথক পৃথকভাবে অবশ্যই ৩.৫ সিজিপিএ থাকতে হবে। সিজিপিএ-এর স্কেল ৪-এর অধিক হলে আনুপাতিক হারে সিজিপিএ নির্ধারিত হবে। অথবা	ক) বিশ্ববিদ্যালয়ের বা সমমানের শিক্ষা প্রতিষ্ঠানে সহকারী অধ্যাপক হিসাবে কমপক্ষে ৪(চার) বৎসরের অভিজ্ঞতাসহ মোট ৮(আট) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে অথবা স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে গবেষক হিসেবে সহকারী অধ্যাপক পদের সমমর্যাদার বেতন স্কেল ও পদবী অনুযায়ী কর্মকর্তা পর্যায়ের পদে কমপক্ষে ৪(চার) বছরের অভিজ্ঞতাসহ ১০(দশ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা	ক) কমপক্ষে ৩(তিন) টি আন্তর্জাতিক মানের গবেষণা প্রকাশনা থাকতে হবে তন্মধ্যে কমপক্ষে ৩(তিন) টি সহকারী অধ্যাপক থাকাকালে। অথবা গবেষণা প্রতিষ্ঠানে গবেষক হিসেবে (কর্মকর্তা পর্যায়ের পদে) ১০(দশ) বৎসরের অভিজ্ঞতা, এর মধ্যে শেষের ৩(তিন) বৎসরে ৩(তিন)টি আন্তর্জাতিক মানের গবেষণা প্রকাশনাসহ মোট ৮(আট)টি গবেষণা প্রকাশনা থাকতে হবে। অথবা
		খ) তৃতীয় বিভাগ/শ্রেণী ব্যতীত সম্মান/৪ বছরের ডিগ্রীসহ মাস্টার্স, সংশ্লিষ্ট বিষয়ে এমএস/এমফিল অথবা সমমানের ডিগ্রী তবে, ন্যূনতম দুইটি প্রথম শ্রেণী/বিভাগ থাকতে হবে। গ্রেডিং পদ্ধতিতে কোন পর্যায়ে সিজিপিএ ৩.২০ (৪-এর মানে)-এর নিচে নয় এবং ন্যূনতম দুইটি পর্যায়ে পৃথক পৃথকভাবে অবশ্যই ৩.৫ সিজিপিএ থাকতে হবে। সিজিপিএ-এর স্কেল ৪-এর অধিক হলে আনুপাতিক হারে সিজিপিএ নির্ধারিত হবে।	খ) বিশ্ববিদ্যালয়ের বা সমমানের শিক্ষা প্রতিষ্ঠানে সহকারী অধ্যাপক হিসাবে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসহ মোট ১০(দশ) বৎসরের অভিজ্ঞতা অথবা স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে গবেষক হিসেবে সহকারী অধ্যাপক পদের সমমর্যাদার বেতন স্কেল ও পদবী অনুযায়ী কর্মকর্তা পর্যায়ের পদে কমপক্ষে ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ মোট ১২(বার) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।	খ) কমপক্ষে ৫(পাঁচ) টি আন্তর্জাতিকমানের গবেষণা প্রকাশনা থাকতে হবে তন্মধ্যে কমপক্ষে ৩(তিন) টি সহকারী অধ্যাপক থাকাকালে। অথবা গবেষণা প্রতিষ্ঠানে গবেষক হিসেবে (কর্মকর্তা পর্যায়ের পদে) ১২(বার) বৎসরের অভিজ্ঞতা, এর মধ্যে শেষের ৩(তিন) বৎসরে ৩(তিন) টি আন্তর্জাতিক মানের গবেষণা প্রকাশনাসহ মোট ৮(আট) টি আন্তর্জাতিক মানের গবেষণা প্রকাশনা থাকতে হবে।
সহকারী অধ্যাপক	গ্রেড-৬ (৩৫৫০০-৬৭০১০)	ক) তৃতীয় বিভাগ/শ্রেণী ব্যতীত সম্মান/৪ বছরের ডিগ্রীসহ মাস্টার্স এবং সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রী তবে, ন্যূনতম দুইটি প্রথম শ্রেণী/বিভাগ থাকতে হবে। গ্রেডিং পদ্ধতিতে কোন পর্যায়ে সিজিপিএ ৩.২০ (৪-এর মানে)-এর নিচে নয় এবং ন্যূনতম দুইটি পর্যায়ে পৃথক পৃথকভাবে অবশ্যই ৩.৫ সিজিপিএ থাকতে হবে। সিজিপিএ-এর স্কেল ৪-এর অধিক হলে আনুপাতিক হারে সিজিপিএ নির্ধারিত হবে। অথবা	ক) বিশ্ববিদ্যালয়ে বা সমমানের শিক্ষা প্রতিষ্ঠানে প্রভাষক হিসাবে ১(এক) বৎসরের অভিজ্ঞতা অথবা স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে গবেষক হিসেবে প্রভাষক পদের সমমর্যাদার বেতন স্কেল ও পদবী অনুযায়ী কর্মকর্তা পর্যায়ের পদে কমপক্ষে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা	ক) প্রভাষক পদে চাকুরীকালীন সময়ে ১(এক) টি আন্তর্জাতিক মানের গবেষণা প্রকাশনা। অথবা গবেষণা প্রতিষ্ঠানে গবেষক হিসেবে (কর্মকর্তা পর্যায়ের পদে) ২(দুই)টি আন্তর্জাতিক মানের গবেষণা প্রকাশনা থাকতে হবে। অথবা
		খ) তৃতীয় বিভাগ/শ্রেণী ব্যতীত সম্মান/৪ বছরের ডিগ্রীসহ মাস্টার্স, সংশ্লিষ্ট বিষয়ে এমএস/এমফিল অথবা সমমানের ডিগ্রী তবে, ন্যূনতম দুইটি প্রথম শ্রেণী/বিভাগ থাকতে হবে। গ্রেডিং পদ্ধতিতে কোন পর্যায়ে সিজিপিএ ৩.২০ (৪-এর মানে)-এর নিচে নয় এবং ন্যূনতম দুইটি পর্যায়ে পৃথক পৃথকভাবে অবশ্যই ৩.৫ সিজিপিএ থাকতে হবে। সিজিপিএ-এর স্কেল ৪-এর অধিক হলে আনুপাতিক হারে সিজিপিএ নির্ধারিত হবে। অথবা	খ) বিশ্ববিদ্যালয়ের বা সমমানের শিক্ষা প্রতিষ্ঠানে প্রভাষক পদে ২(দুই) বৎসরের অভিজ্ঞতা অথবা স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে গবেষক হিসেবে প্রভাষক পদের সমমর্যাদার বেতন স্কেল ও পদবী অনুযায়ী কর্মকর্তা পর্যায়ের পদে কমপক্ষে ৪(চার) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা	খ) প্রভাষক পদে চাকুরীকালীন সময়ে ১(এক) টি আন্তর্জাতিক মানের গবেষণা প্রকাশনা। অথবা গবেষণা প্রতিষ্ঠানে গবেষক হিসেবে (কর্মকর্তা পর্যায়ের পদে) ২(দুই) টি আন্তর্জাতিক মানের গবেষণা প্রকাশনা থাকতে হবে। অথবা
		গ) তৃতীয় বিভাগ/শ্রেণী ব্যতীত সম্মান/৪ বছরের ডিগ্রীসহ সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার্স তবে, ন্যূনতম দুইটি প্রথম শ্রেণী/বিভাগ থাকতে হবে। গ্রেডিং পদ্ধতিতে কোন পর্যায়ে সিজিপিএ ৩.২০ (৪-এর মানে)-এর নিচে নয় এবং ন্যূনতম দুইটি পর্যায়ে পৃথক পৃথকভাবে অবশ্যই ৩.৫ সিজিপিএ থাকতে হবে। সিজিপিএ-এর স্কেল ৪-এর অধিক হলে আনুপাতিক হারে সিজিপিএ নির্ধারিত হবে।	গ) বিশ্ববিদ্যালয়ের বা সমমানের শিক্ষা প্রতিষ্ঠানে প্রভাষক পদে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতা অথবা স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে গবেষক হিসেবে প্রভাষক পদের সমমর্যাদার বেতন স্কেল ও পদবী অনুযায়ী কর্মকর্তা পর্যায়ের পদে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।	গ) প্রভাষক পদে চাকুরীকালীন সময়ে ১(এক) টি আন্তর্জাতিক মানের গবেষণা প্রকাশনা। অথবা গবেষণা প্রতিষ্ঠানে গবেষক হিসেবে (কর্মকর্তা পর্যায়ের পদে) ২(দুই) টি আন্তর্জাতিক মানের গবেষণা প্রকাশনা থাকতে হবে।
প্রভাষক	গ্রেড-৮ (২৩০০০-৫৫৪৭০)	তৃতীয় বিভাগ/শ্রেণী ব্যতীত সম্মান/৪ বছরের ডিগ্রীসহ সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার্স তবে, ন্যূনতম তিনটি প্রথম শ্রেণী/বিভাগ থাকতে হবে। তবে সাহিত্য, অর্থনীতি এবং কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিষয়ে ন্যূনতম দুইটি প্রথম শ্রেণী/বিভাগ থাকলেও আবেদন করা যাবে। গ্রেডিং পদ্ধতিতে কোন পর্যায়ে সিজিপিএ ৩.২০ (৪-এর মানে)-এর নিচে নয় এবং তিনটি পর্যায়ে অবশ্যই ৩.৫ সিজিপিএ থাকতে হবে। তবে সাহিত্য, অর্থনীতি এবং কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিষয়ে ন্যূনতম দু'টি পর্যায়ে পৃথক পৃথকভাবে অবশ্যই ৩.৫ থাকতে হবে। সিজিপিএ-এর স্কেল ৪-এর অধিক হলে আনুপাতিক হারে সিজিপিএ নির্ধারিত হবে।		আন্তর্জাতিক মানের গবেষণা প্রকাশনা এবং উচ্চতর ডিগ্রীর ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

Head Office: Gazipur-1705, Bangladesh, Phone: PABX 88 02 9291101-4, Fax: 88 02 9291122, E-mail: info@bou.edu.bd
City Office: Dhaka Regional Resource Centre, Holding no. 4/Ka College Area, Govt. Lab. High School Road, Dhanmondi, Dhaka-1205, Bangladesh
Phone: 88 02 8615221, 8612676, Fax: 88 02 8615750, Website: www.bou.edu.bd

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

আবেদনের শর্তসমূহ :

১। উপরে বর্ণিত পদসমূহে নিয়োগের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও গবেষণা/প্রকাশনার শর্তাবলী এবং আবেদন করার নিয়মাবলীসহ আবেদনপত্রের ফরম সরাসরি অথবা **www.bou.edu.bd** ওয়েবসাইট থেকে অথবা ১০/- (দশ) টাকা মূল্যের ডাক টিকেটসহ নিজ ঠিকানা সম্বলিত ৪.৫"×১০" খাম প্রেরণপূর্বক **রেজিস্ট্রার**-এর দপ্তর হইতে সংগ্রহ করা যাইবে।

২। আবেদনপত্রের সঙ্গে নিম্নবর্ণিত সনদপত্রাদির সত্যায়িত অনুলিপি, সত্যায়িত ছবি এবং ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ আগামী **১৭-০৭-২০১৬** তারিখের মধ্যে নির্ধারিত ফরমে **রেজিস্ট্রার, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫**-এর ঠিকানায় পৌঁছাইতে হইবে। প্রত্যেক সনদপত্রের অনুলিপি ও প্রার্থীর ছবি প্রথম শ্রেণীর সরকারি গেজেটেড অফিসার বা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/অফিসার কর্তৃক সত্যায়িত হইতে হইবে :

ক) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র (মার্কসিট/টেস্টিমনিয়াল গ্রহণযোগ্য নহে)।

খ) সম্প্রতি তোলা ২(দুই) কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি।

গ) **১৭-০৭-২০১৬ তারিখ** পর্যন্ত বর্তমান বয়স।

ঘ) চরিত্রগত সার্টিফিকেট (সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/প্রথম শ্রেণীর সরকারি কর্মকর্তা কর্তৃক প্রদত্ত)।

ঙ) নাগরিকত্ব সার্টিফিকেট (নিজ নিজ এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর চেয়ারম্যান/ ওয়ার্ড কমিশনার অথবা প্রথম শ্রেণীর সরকারি কর্মকর্তা কর্তৃক প্রদত্ত)।

চ) মুক্তিযোদ্ধা কোটাভুক্ত প্রার্থীগণের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের নিকট হইতে প্রাপ্ত সনদপত্র।

ছ) উপজাতীয় সম্প্রদায়ভুক্ত প্রার্থীগণের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের নিকট হইতে প্রাপ্ত সনদপত্র।

জ) উল্লেখিত পদের আবেদনকারীকে জনতা ব্যাংকের যে কোন শাখা হইতে **"বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়" এর অনুকূলে, জনতা ব্যাংক, বাউবি ক্যাম্পাস শাখা, গাজীপুর** বরাবর ইস্যুকৃত প্রত্যেক পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে। **পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য হইবে না।**

৩। উপরে বর্ণিত সকল পদের আবেদনকারীদেরকে মূল আবেদনসহ ০৮(আট) সেট আবেদনপত্র শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রসহ প্রেরণ করিতে হইবে।

৪। প্রত্যেক প্রার্থীকে তাঁহার প্রার্থিত পদের নাম খামের উপর স্পষ্টাক্ষরে লিখিতে হইবে এবং মুক্তিযোদ্ধা প্রার্থীর ক্ষেত্রে খামের উপর "মুক্তিযোদ্ধা" শব্দটিও লিখিতে হইবে।

৫। নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সন্তানদের ৩০% কোটা সংরক্ষণ করা হইবে।

৬। বিভাগীয়/চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ে আবেদনপত্র প্রেরণ নিশ্চিত করিতে হইবে।

৭। ভুয়া তথ্য সম্বলিত/ত্রুটিপূর্ণ/ অসম্পূর্ণ দরখাস্ত অথবা সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখের পর প্রাপ্ত অথবা নির্ধারিত টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার কিংবা জনতা ব্যাংক ব্যতীত অন্য কোন ব্যাংকের দেয় ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ দরখাস্ত বাতিল বলিয়া গণ্য হইবে।

৮। দরখাস্তের সহিত দাখিলকৃত কোন কিছুই ফেরত দেওয়া হইবে না।

৯। এই নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ আবেদনকারীর পরীক্ষা গ্রহণ করিতে/তাহাকে প্রার্থিত পদে নিয়োগ প্রদান করিতে বাধ্য থাকিবেন না।

১০। লিখিত/সাক্ষাৎকার পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হইবে না।

বিশেষ দ্রষ্টব্য :

১। দূর শিক্ষণে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা শিথিল করা যাইতে পারে।

২। সকল পদের ক্ষেত্রে কম্পিউটার-এর অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেওয়া হইবে।

৭/১/২০১৬

রেজিস্ট্রার
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৫

Head Office: Gazipur-1705, Bangladesh, Phone: PABX 88 02 9291101-4, Fax: 88 02 9291122, E-mail: info@bou.edu.bd
City Office: Dhaka Regional Resource Centre, Holding no. 4/Ka College Area, Govt. Lab. High School Road, Dhanmondi, Dhaka-1205, Bangladesh
Phone: 88 02 8615221, 8612676, Fax: 88 02 8615750, Website: www.bou.edu.bd